

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা-১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০৬.৪৬০.১৮ . ১৩৮৪

তারিখঃ ২৮ অগ্রহায়ণ, ১৪২৫।
২২ ডিসেম্বর ২০১৮।

বিষয়ঃ অন্য প্রকার মামলা নং ৮৩/১০, অন্য আপীল নং ৪৩/১২ মামলার আর্জি ও রায়ের সার্টিফাইড কপি, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত সিভিল রিভিশন মামলা নং ২৯০৫/২০১৫ এর আদেশের সার্টিফাইড কপিসহ মামলার একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব লতিফা বেগম, সহকারী শিক্ষক (ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক), কবিচন্দ্রপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (সদ্য জাতীয়করণকৃত), কেন্দ্রুয়া, নেত্রকোনা- বর্ণিত বিদ্যালয়ে চলতি দায়িত্বে পদায়নকৃত শিক্ষককে প্রধান শিক্ষকের শূণ্য পদ বিশিষ্ট অন্য বিদ্যালয়ে পদায়ন করার জন্য মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদন করেছেন।

২। আবেদন পত্রের সাথে সংযুক্ত রেকর্ডপত্রাদি দেখা যায়, উল্লিখিত সহকারী শিক্ষক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দাবীতে বিজ্ঞ সহকারী জজ আদালত, কেন্দ্রুয়া, নেত্রকোনা ৮৩/১০ অন্য প্রকার মামলা দায়ের করেন এবং রায় তাঁর পক্ষে হয়। পরবর্তীতে উক্ত শিক্ষকের বিরুদ্ধে ৪৩/১২ অন্য আপীল মামলা দায়ের করা হয় এবং রায় বিবাদীর পক্ষে হয়। এতদপ্রেক্ষিতে শিক্ষক জনাব লতিফা বেগম মহামান্য হাইকোর্টে ২৯০৫/২০১৫ মূলে আপীল মামলা দায়ের করেন এবং মহামান্য হাইকোর্ট নিম্নোক্ত আদেশ প্রদান করেন:

Pending hearing of the Rule, let the operation of the impugned judgment and decree dated 27.05.2015) passed by the learned Additional District Judge, Netrakona in other Appeal No. 43 of 2012 be stayed.

৩। এমতাবস্থায়, অন্য প্রকার মামলা নং ৮৩/১০, অন্য প্রকার আপীল নং ৪৩/১২ মামলার আর্জি ও রায়ের সার্টিফাইড কপি, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত সিভিল রিভিশন মামলা নং ২৯০৫/২০১৫ এর আদেশের সার্টিফাইড কপিসহ মামলার বিষয়ে গৃহীত পদক্ষেপের একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন আগামী ২৬ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইন কোষে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বি: দ্র: প্রতিটি রেকর্ড সুস্পষ্ট ও সত্যায়িত করে প্রেরিতব্য।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,
নেত্রকোনা

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০৬.৪৬০.১৮ . ১৩৮৪/২

তারিখঃ ২৮ অগ্রহায়ণ ১৪২৫।
২২ ডিসেম্বর ২০১৮।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ (তাকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।

২। সংরক্ষণ নথি।

(মো: আব্দুল আলীম)
সহকারী পরিচালক (আইন)